গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

২০২২-২০২৩ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২০ ডিসেম্বর ২০২২ |
| সভার সময় | সকাল ০৯:৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ৩৮-৪৬ কাজী আলাউদ্দিন রোড, ফুলবাড়ীয়া, ঢাকা-১০০০ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের অগ্নি-১ শাখার উপসচিব, জনাব জাহিদুল ইসলাম - কে অনুরোধ করা হয়। অতঃপর অগ্নি-১ শাখার উপসচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তাবৃন্দের সাথে সুরক্ষা সেবা বিভাগের নাগরিক, প্রাতিষ্ঠানিক এবং অভ্যন্তরীণ সেবা সম্পর্কিত অবহিতকরণ ও মতামত বিনিময়।**

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের অগ্নি-১ শাখার উপসচিব সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে অবহিত করেন যে, ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ ছাড়াও হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে।

সভাপতি সভার শুরুতে বলেন, সোনার বাংলা গড়ায় প্রত্যয়ে ২০১২ সালে মন্ত্রপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয় এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত অনেক কার্যক্রমের সাথে সাথে স্ব স্ব সরকারি অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরের প্রত্যেক কোয়ার্টারে হালনাগাদ করে স্ব স্ব অফিসের তথ্য বাতায়নের প্রকাশ করা হচ্ছে।

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের অধিকাংশ সেবা নাগরিক কেন্দ্রিক হওয়ায় সেবা প্রত্যাশি সাধারণ নাগরিকদেরকে সহজভাবে এবং দ্রুততার সাথে সেবা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাবৃন্দ সভায় অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখার সেবা প্রদানে বিদ্যমান পদ্ধতির চেয়ে আরো অধিকতর সহজ পদ্ধতিতে সেবা প্রদানের জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে।

জনাব মোঃ হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ সভায় সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদানে কোন ধরনের প্রতিবন্ধকতা, নির্দিষ্ট সময়ের মধ্যে নৈতিকতা/স্বচ্ছতার সাথে সেবা পাওয়া যাচ্ছে

কিনা তার উপর সভায় মুক্ত আলোচনা জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দকে আহবান জানান।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক (অপারেশনস্) জনাব মোঃ আহসানুর রহমান সভায় সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক বিভাগীয় পর্যায়ে স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা নিয়মিতভাবে আয়োজনের আহবান জানান। জনাব মোঃ আহসানুর রহমান সভায় উল্লেখ করেন বরগুনা জেলা কারাগারে মাদক মামলায় স্বল্প মেয়াদে সাজাপ্রাপ্তদের ভাল কাজের শর্তে (বই পড়া, গাছ লাগানো ও পরিচর্চাসহ অন্যান্য সামাজিক ও ধর্মীয় কাজ সম্পাদন) আদালতের মাধ্যমে ছেড়ে দেয়া হচ্ছে। বিষয়টি অন্যান্য জেলা কারাগারে চালূ করা হলে কারাগারসমূহে বন্দি/কয়েদীর সংখ্যা ধীরে ধীরে কমে যাবে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তররের পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) জনাব মোঃ মাসুদ হোসেন সভায় অবহিত করেন সরকারি ও বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রসমূহে ফায়ার এক্সটিঙ্গুইসারসহ অন্যান্য অগ্নি নির্বাপক যন্ত্রাংশের মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে, অধিকাংশ সময়ই সময়মত এগুলো পরিবর্তন করা হয় না, ফলে অগ্নি দূর্ঘটনার সময় ফায়ার এক্সটিঙ্গুইসারসহ অন্যান্য অগ্নি নির্বাপক যন্ত্রাংশের সঠিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব হয় না। তাছাড়াও সরকারি ও বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অগ্নি নির্বাপক সংক্রান্ত প্রশিক্ষণ/মহড়ার জন্য সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রাতিষ্ঠানিক সেবার সহযোগিতা কামনা করেন।

কারা অধিদপ্তরের সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন) জনাব মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া সভায় অবহিত করেন সকল কারাগারে ডে কেয়ার সেন্টার, শিশুদের পড়াশুনা ও স্বাস্থ্য, বন্দি/কয়েদীদের প্রশিক্ষণ কার্যক্রম আরো বাড়ানো প্রয়োজন। কেন্দ্রিয় কারাগারসহ সকাল জেলা কারাগারে সিসি ক্যামেরা স্থাপনসহ নিরাপত্তা ব্যবস্থা আধুনিকরণ করা প্রয়োজন। বন্দি/কয়েদীর সাথে নিজ নিজ পরিবারের সদস্যদের কথা বলার জন্য স্বজন লিংক কার্যক্রম সকল জেলা কারাগারে সম্প্রসারণ করার জন্য সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রাতিষ্ঠানিক সেবার সহযোগিতা কামনা করেন।

সভায় অংশগ্রহণকারী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ সভায় অবহিত করেন বর্তমানে ই-পাসপোর্ট আবেদনের সংখ্যা অনেক বেড়ে যাওয়ায় আগারগাঁও এ অবস্থিত প্রধান কার্যালয়ে অপ্রতুল জনবল ও অফিস স্পেসে নাগরিকদের মানসম্মত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ আগারগাঁও এ অবস্থিত প্রধান কার্যালয়ের পাশাপাশি ঢাকা শহরে আরোও কয়েকটি উপজেলা/থানা পর্যায়ে আঞ্চলিক অফিস চালু করার বিষয়ে সভায় মতামত প্রদান করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম, এমআরপি এবং ই-পাসপোর্ট প্রাপ্তির ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তিতে সময় কমানো, সাধারণ তথ্য/নাম সংশোধনের বিষয় আরোও সহজিকরণের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার ব্যাপারে মতামত প্রদান করেন।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ কর্তৃক অগ্নি সম্পর্কিত বিভিন্ন নাগরিক সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্টের ধারবাহিকতা নিয়মিত রাখার জন্য সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রাতিষ্ঠানিক সেবার বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ অগ্নি দূর্ঘটনা মোকাবেলায় নাগরিক সেবার পাশাপাশি বর্তমানে এ্যাম্বুলেন্স সেবার চাহিদা বেড়ে গেলেও সব স্টেশনে এ্যাম্বুলেন্স এবং ড্রাইভার না থাকায় এ্যাম্বুলেন্স সেবা সঠিকভাবে দেয়া যাচ্ছে না মর্মে সভায় অবহিত করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহকারী পরিচালক (সহকারী পরিচালকের দপ্তর, ঢাকা), জনাব মোঃ আব্দুল হালিম সভায় রেশন ও এ্যাম্বুলেন্স নীতিমালা দ্রুততম সময়ে সম্পন্ন করার অনুরোধ জানান।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) সুরক্ষা সেবা বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবার মাধ্যমে অধিদপ্তরসমূহের জন্য প্রযোজ্য ক্ষেত্রে লজিস্টিক সাপোর্টসহ অফিস স্পেস, দক্ষ জনবল তৈরি, নিরাপত্তা ব্যবস্থা আধুনিকরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
(খ) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক বিভাগীয় পর্যায়ে স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বা গণশুনানী নিয়মিতভাবে আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে;
(গ) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের জন্য চলমান আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়নের কার্যক্রম দ্রুতসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;
(ঘ) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সেবা প্রত্যাশীদের কাছে পৌঁছানোর জন্য প্রচারণার উদ্যোগ গ্রহণ করতে হবে;
(ঙ) মানসম্মত সেবা প্রদানের নিমিত্ত অগ্নি নির্বাপন ও পুলিশ প্রতিবেদন সংক্রান্ত কার্যক্রমে সরকারি অন্যান্য অফিসের সাথে অধিদপ্তসমূহের কার্যক্রম সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।

**২.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তা এবং সেবা প্রত্যাশি সাধারণ নাগরিকদের সাথে সুরক্ষা সেবা বিভাগের নাগরিক এবং প্রাতিষ্ঠানিক সেবা সম্পর্কিত অবহিতকরণ ও মতামত বিনিময়।**

**২.১ আলোচনা:** সভায় উপস্থিত জনাব মোঃ হাসমতুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, ইউটিলিটি প্রফেশনালস্ সভায় অবহিত করেন অগ্নি নির্বাপন আইন, ২০০৩ অনুযায়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ভবনের উচ্চতা ২০ মিটার বা অধিক হলে ভবনটি বহুতল ভবন হিসেবে গণ্য করা হয়, অপরদিকে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ভবনের উচ্চতা ৩০০ মিটার বা অধিক হলে ভবনটি বহুতল ভবন হিসেবে গণ্য করা হয়। দুই অফিসের বহুতল ভবনের উচ্চতা নিয়ে অসঙ্গতি থাকায় ফায়ার সেফটি প্ল্যানের এনওসি প্রত্যয়ন পেতে সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানসমূহকে সমস্যায় পড়তে হচ্ছে। বিষয়টির দ্রুত সমাধানের জন্য তিনি সুরক্ষা সেবা বিভাগের সহযোগিতা কামনা করেন। এছাড়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বহুতল ভবনের ফায়ার সেফটি প্ল্যানের এনওসি প্রাপ্তির আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন করে সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় আহ্বান জানান।

জনাব মোহাম্মদ আবদুর রশিদ টিপু, সিইও, মার্ট ইঞ্জিনিয়ারিং এন্ড কনসালটেন্সি, সভায় অবহিত করেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বহুতল ভবনের ফায়ার সেফটি প্ল্যানের এনওসি প্রাদানের পর মাসিক/ষন্মাষিক/বাৎসরিক ভিত্তিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক তদারকি করা প্রয়োজন, যাতে ভবনের ফায়ার সেফটি কার্যক্রম নিশ্চিত করা যায়।

সাধারণ সেবা প্রত্যাশী মোহাম্মদ নাজমুল হাসান এবং মোঃ জাওহারুল ইসলাম মুয়ীদ সভায় উপস্থিত সকলকে অবহিত করেন, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণপূর্বক তাঁরা যথাসময়ে ই-পাসপোর্ট সেবা পাচ্ছেন। তবে তিনি ঢাকা বিভাগীয় পাসপোর্ট অফিসের স্বল্প পরিসরে পাসপোর্ট আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র জমাদানকালে দীর্ঘ লাইনে অপেক্ষারত সাধারণ নাগরিকের ভোগান্তির বিষয়টি সভায় উপস্থাপন করেন। পাশাপাশি তারা বিদেশে অবস্থিত বাংলাদেশীদের ই-পাসপোর্ট আবেদন গ্রহণের কার্যক্রম সংশ্লিষ্ট মিশন অফিসের মোবাইল ইউনিটের মাধ্যমে বাড়ানোর বিষয়ে মতামত প্রদান করেন।

**২.২ সিদ্ধান্ত:**
(ক) বহুতল ভবনের সংজ্ঞা নিয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) বিদ্যমান আইন/বিধি সাংঘর্ষিক হওয়ায় বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;
(খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বহুতল ভবনের ফায়ার সেফটি প্ল্যানের এনওসি প্রাপ্তির আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে;

(গ) বহুতল ভবনের ফায়ার সেফটি প্ল্যানের এনওসি প্রদানের পর মাসিক/ষন্মাষিক/বাৎসরিক ভিত্তিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক তদারকি করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
(ঘ) মোবাইল ইউনিটের মাধ্যমে বিদেশে অবস্থিত বাংলাদেশীদের ই-পাসপোর্ট আবেদন গ্রহণের কার্যক্রম সংশ্লিষ্ট মিশন অফিসের মাধ্যমে বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২৩৭

তারিখ: ১৩ পৌষ ১৪২৯
২৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার